



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



১২তম বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠিত



২৮ জানুয়ারি ২০২৩-শনিবার রসায়ন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ ক্যামিকেল সোসাইটির যৌথ আয়োজনে ১২তম বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াড ২০২১ এর মূল পর্বের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

গত ১৪ জানুয়ারি অলিম্পিয়াড কার্যক্রমের প্রাইমারি রাউন্ডের উদ্বোধন ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। প্রাইমারি রাউন্ডে ৩৪০ জন প্রতিযোগী অংশগ্রহণ করে মূল পর্বের জন্য ৯৯জন নির্বাচিত হয়।

ফাইনাল রাউন্ড আজ অনুষ্ঠিত হয় এবং এতে ১০ জনকে বিজয়ী ঘোষণা করা হয়।

রসায়ন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ও অলিম্পিয়াডের আহবায়ক অধ্যাপক ড. শামসুন নাহারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: শাহজাহান এবং বাংলাদেশ ক্যামিকেল সোসাইটির সভাপতি জনাব মো: রজিউর রহমান মল্লিক। অলিম্পিয়াডের যুগ্ম আহবায়ক হিসেবে ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান।